গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**

বন অধিশাখা-১

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.moefcc.gov.bd

স্মারক নং: ২২.০০.০০০০.০৬৬.২২.০০২.২৫.৫৬ তারিখ ০৯ ফাল্গুন ১৪৩২ / ২২ ফেব্রুয়ারি ২০২৬

**বিষয়: করাত-কল (লাইসেন্স) বিধিমালা, ২০২৬-এর খসড়ার ওপর মতামত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করাত-কল (লাইসেন্স) বিধিমালা, ২০২৬-এর প্রস্তুতকৃত খসড়ার ওপর ২২ মার্চ ২০২৬ তারিখের মধ্যে forest1@moefcc.gov.bd মেইলে মতামত গ্রহণের নিমিত্ত মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: করাত-কল (লাইসেন্স) বিধিমালা, ২০২৬ (খসড়া)।

22/02/2026

(তুষার কুমার পাল)
উপসচিব
ফোনঃ ৫৫১০০৩১২
Email:forest1@moef.gov.bd

সিস্টেম এনালিস্ট
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

স্মারক নং: ২২.০০.০০০০.০৬৬.২২.০০২.২৫.৫৬ তারিখ ০৯ ফাল্গুন ১৪৩২ / ২২ ফেব্রুয়ারি ২০২৬

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
২। প্রধান বন সংরক্ষক (ভারপ্রাপ্ত), বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

22/02/2026

তুষার কুমার পাল
উপসচিব

# প্রস্তাবিত করাত-কল (লাইসেন্স) বিধিমালা, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বন অধিশাখা-১
প্রজ্ঞাপন

এস.আর.ও নং...../২০২৪।- Forest Act, 1927 (XVI of 1927) এর section 41 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। সংক্ষিপ্ত শিরোনাম।— এই বিধিমালা করাত-কল (লাইসেন্স) বিধিমালা, ২০২৫ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(১) "আইন" অর্থ Forest Act, 1927 (XVI of 1927);

(২) "দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা" অর্থ বিভাগীয় বন কর্মকর্তা;

(৩) "ফরম" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত কোন ফরম;

(৪) "লাইসেন্স" অর্থ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক বিধি ৩ এর অধীন করাত-কল স্থাপন ও পরিচালনার নিমিত্ত ফরম-খ অনুসারে ইস্যু বা নবায়নকৃত কোন লাইসেন্স;

(৫) "করাত-কল" অর্থ এমন একটি স্থাপনা যেখানে শক্তি চালিত এক বা একাধিক যন্ত্র বা যন্ত্রাংশের মাধ্যমে গাছ বা গাছের গুঁড়ি বা কাঠের খন্ড চিরাই বা খন্ডন করা হয়, তবে ভ্রাম্যমান ব্যবহারযোগ্য এইরূপ যন্ত্র বা যন্ত্রাংশ এর অর্ন্তভুক্ত হইবে না;

(৬) "করাত-কল মালিক" অর্থ এই বিধিমালার আওতায় যাহার নামে লাইসেন্স ইস্যু হইবে;

(৭) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(৮) "দূরত্ব" অর্থ সরলরৈখিক দূরত্ব;

(৯) "সরকার" অর্থ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়;

(১০) "আবাসিক এলাকা" অর্থ এমন এলাকা যেখানে কমপক্ষে ৫০ (পঞ্চাশ) টি পরিবার বসবাস করে।

৩। করাত-কল স্থাপন ও পরিচালনার জন্য লাইসেন্স।- (১) কোন ব্যক্তি লাইসেন্স ব্যতীত কোন করাত-কল স্থাপন বা পরিচালনা করিতে পারিবেন না।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে ফরম 'ক' অনুসারে, সংশ্লিষ্ট কাগজপত্রসহ করাত-কল স্থাপন ও পরিচালনার জন্য লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে, সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তা/ ভারপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে অথবা সরাসরি উক্ত এলাকার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট আবেদনপত্র দাখিল করিতে হইবে।

(৩) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদন প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে ফরম 'ক' এ উল্লিখিত তথ্যাদির সঠিকতা যাচাইপূর্বক অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য ফরেস্টার/ বিট অফিসার বা তদূর্ধ্ব কোন কর্মকর্তাকে নির্দেশ প্রদান করিবেন।

(৪) তদন্তকারী কর্মকর্তার নিকট হইতে প্রতিবেদন প্রাপ্তির পর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনধিক ১০(দশ) কার্যদিবসের মধ্যে সভা আহবানের জন্য উপবিধি (৫) অনুযায়ী গঠিত কমিটির আহবায়কের নিকট পত্র প্রেরণ করিবেন।

(৫) উপ-বিধি (৩) এর অধীন প্রাপ্ত তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা পূর্বক লাইসেন্স প্রদানের বিষয়ে সুপারিশ প্রণয়নের জন্য নিম্নরূপ সদস্য সমন্বয়ে প্রতিটি জেলার জন্য একটি কমিটি থাকিবে, যথা:-

(ক) জেলা প্রশাসক, যিনি কমিটির আহ্বায়ক হইবেন;

(খ) সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসার;

(গ) জেলা চেম্বার অব কমার্স এর সভাপতি কর্তৃক মনোনীত তাহার একজন প্রতিনিধি;

(ঘ) পরিবেশ অধিদপ্তরের একজন প্রতিনিধি;

(ঙ) জেলা পুলিশ সুপার কর্তৃক মনোনীত একজন অতিরিক্ত পুলিশ সুপার;

(চ) সংশ্লিষ্ট জেলার বিদ্যুৎ বিতরণ সংস্থার একজন প্রতিনিধি;

(ছ) তিন পার্বত্য জেলার ক্ষেত্রে পার্বত্য জেলা পরিষদের একজন প্রতিনিধি;

(জ) বিভাগীয় বন কর্মকর্তা বা প্রযোজ্য ক্ষেত্রে সহকারী বন সংরক্ষক, যিনি কমিটির সদস্য-সচিব হইবেন।

(৬) উপ-বিধি (৫) এর অধীন গঠিত কমিটি, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র প্রাপ্তির পর অনধিক ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে উহার সুপারিশ প্রণয়নপূর্বক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তদন্ত কমিটির সুপারিশ প্রাপ্তির পর অনধিক ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে উহার উপর সিদ্ধান্ত গ্রহণপূর্বক আবেদনকারীকে লিখিতভাবে জানাইয়া দিবেন।

(৭) লাইসেন্স ইস্যু।- আবেদনকারী সিদ্ধান্ত প্রাপ্তির অনধিক ১০ (দশ) কার্যদিবসের মধ্যে তফসিলে উল্লিখিত লাইসেন্স ফি সরকারি কোষাগারে সংশ্লিষ্ট কোডে জমা প্রদানপূর্বক চালানের মূলকপি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট দাখিল করিবেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা চালানের মূলকপি প্রাপ্তির পর সঠিকতা যাচাইপূর্বক অনধিক ১০ (দশ) কার্যদিবসের মধ্যে ফরম 'খ' অনুসারে লাইসেন্স ইস্যু করিবেন।

৪। লাইসেন্স পুনঃ ইস্যু ও প্রতিলিপি ইস্যু।-

(১) এই বিধিমালার অধীন ইস্যুকৃত লাইসেন্সের মালিকানা পরিবর্তন হইলে প্রয়োজনীয় প্রমাণকসহ লাইসেন্স পুনঃইস্যুর জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট ফরম 'গ' অনুযায়ী আবেদন দাখিল করিতে হইবে।

(২) এই বিধিমালার অধীন ইস্যুকৃত লাইসেন্স হারাইয়া গেলে সংশ্লিষ্ট থানায় সাধারণ ডায়েরী করিয়া সাধারণ ডায়েরীর মূলকপিসহ লাইসেন্স প্রতিলিপির জন্য ফরম 'গ' অনুযায়ী আবেদন করিতে হইবে।

(৩) আবেদন প্রাপ্তির পর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সঠিকতা যাচাইপূর্বক তফসিলে উল্লিখিত ফি আদায় নিশ্চিতকরতঃ ফরম 'খ' অনুযায়ী লাইসেন্স পুনঃইস্যু বা প্রতিলিপি ইস্যু করিবেন।

(৪) করাত-কলের স্থান পরিবর্তন করিতে হইলে নতুন করিয়া লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

৫। লাইসেন্সের মেয়াদ।— লাইসেন্সের মেয়াদ হইবে ইস্যুর তারিখ হইতে ২ (দুই) বৎসর।

৬। লাইসেন্স নবায়ন।—

(১) এই বিধিমালার অধীন ইস্যুকৃত লাইসেন্স ২ (দুই) বৎসরের জন্য নবায়নযোগ্য হইবে।

(২) লাইসেন্স নবায়নের জন্য উহার মেয়াদ শেষ হইবার ন্যূনতম ৩০ (ত্রিশ) দিন পূর্বে ফরম 'গ' অনুযায়ী আবেদন করিতে হইবে।

(৩) উপ-বিধি ২ এ যাহা কিছুই থাকুক না কেন, মেয়াদ শেষ হইবার পূর্বে লাইসেন্স নবায়ন করিতে ব্যর্থ হইলে তফসিলে উল্লিখিত সময়ের মধ্যে লাইসেন্স নবায়নের জন্য আবেদন করা যাইবে। তবে লাইসেন্স এর মেয়াদ উত্তীর্ণ হইবার ১২০ (একশত বিশ) দিন পর কোন আবেদন গ্রহণযোগ্য হইবে না।

(৪) নবায়নের আবেদন প্রাপ্তির পর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যাচাই-বাছাইপূর্বক প্রযোজ্যক্ষেত্রে তদন্তপূর্বক অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে তফসিলে উল্লিখিত নবায়ন ফি সরকারি কোষাগারে জমাদানের বিষয়টি নিশ্চিত হইয়া ফরম 'খ' অনুযায়ী লাইসেন্স নবায়ন করিবেন। তবে লাইসেন্স নবায়নযোগ্য না হইলে অনধিক ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা লিখিতভাবে আবেদনকারীকে জানাইয়া দিবেন এবং বিধি ৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৫) উপ-বিধি (২) বা (৩) এর বিধান অনুসারে প্রাপ্ত আবেদন নিষ্পত্তি না হওয়া পর্যন্ত করাত-কল পরিচালনা করা যাইবে।

৭। করাত-কল স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে পালনীয় শর্তাদি, ইত্যাদি।- (১) নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন না করিয়া করাত-কল স্থাপন করা যাইবে না, যথাঃ-

(ক) সংরক্ষিত, রক্ষিত, অর্পিত বা অন্য যেকোন ধরনের সরকারি বনভূমির সীমানা হইতে ৫ (পাঁচ) কিলোমিটার দুরত্বের মধ্যে, এবং/ বা বাংলাদেশের আন্তর্জাতিক সীমানা হইতে ৩ (তিন) কিলোমিটার দুরত্বের মধ্যে, তবে শর্ত থাকে যে, সিটিকর্পোরেশন ও পৌরসভার আওতাভুক্ত এলাকা এবং উপজেলা সদর হইতে ২ কি.মি. ব্যাসার্ধের আওতাভুক্ত এলাকার ক্ষেত্রে উল্লিখিত শর্ত প্রযোজ্য হইবে না।

(খ) কোন সরকারি অফিস-আদালত, শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্র, বিনোদন পার্ক, উদ্যান, আবাসিক এলাকা এবং জনস্বাস্থ্য বা পরিবেশের জন্য ক্ষতিকর/ বিঘ্ন সৃষ্টি করে এইরূপ কোন স্থানের ন্যূনতম ২০০ (দুইশত) মিটার সরলরৈখিক দুরত্ব এর মধ্যে:

তবে শর্ত থাকে যে, এই বিধি কার্যকর হইবার তারিখে এই বিধিতে নিষিদ্ধ কোন স্থানে কোন করাত-কল স্থাপিত হইয়া থাকিলে বা স্থাপিত করাত-কল পরিচালনাধীন থাকিলে উহা কার্যকর হওয়ার তারিখ হইতে অনধিক ১৮০ (একশত আশি) দিনের মধ্যে করাত-কল মালিক উক্ত করাত-কল স্থানান্তর করিবেন, অন্যথায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বিধি ৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিবেন;

(গ) করাত-কল স্থাপনের জন্য ন্যূনতম ১০ (দশ) শতাংশ তবে সিটি কর্পোরেশনের আওতাভুক্ত এলাকার ক্ষেত্রে অন্যান্য শর্তপালন সাপেক্ষে ন্যূনতম ৩ (তিন) শতাংশ ভূমি না থাকিলে করাত-কল লাইসেন্সের জন্য আবেদন করা যাইবে না;

(ঘ) লিজকৃত/ ভাড়াকৃত জমির ক্ষেত্রে লিজের/ ভাড়ার বৈধ চুক্তিনামা ব্যতীত করাত-কল লাইসেন্সের জন্য আবেদন করা যাইবে না।

(২) নিম্নবর্ণিত শর্ত না মানিয়া করাত-কল পরিচালনা করা যাইবে না:-

(ক) লাইসেন্স ছাড়া করাত-কল পরিচালনা করা যাইবে না;

(খ) সূর্যাস্তের পর হইতে সূর্যোদয়ের পূর্ব পর্যন্ত করাত-কল পরিচালনা করা যাইবে না;

(গ) করাত-কলের জন্য নির্ধারিত ভূমির চারিদিকে ঘেরা-বেড়া থাকিতে হইবে। ঘেরা-বেড়ার বাহিরে কোন গোলকাঠ, চিরাইকৃত বা অচিরাইকৃত কাঠ, কাঠের গুঁড়া, গাছের বাকল রাখা যাইবে না;

(ঘ) দক্ষ জনবল ও উপযুক্ত সুরক্ষা সামগ্রী পরিধান ব্যতীত করাত-কল পরিচালনা করা যাইবে না;

(ঙ) লাইসেন্স বাতিল বা স্থগিত করা হইলে করাত-কল পরিচালনা করা যাইবে না;

(চ) ক্লোজড সার্কিট ক্যামেরা স্থাপন করিতে হইবে এবং নিরাপত্তা প্রহরীর মাধ্যমে ২৪ ঘন্টা নিরাপত্তা নিশ্চিত করিতে হইবে;

(ছ) বিদ্যুৎ ব্যবহার সংক্রান্ত সরকারি বিধিনিষেধ ব্যতিরেকে করাত-কল পরিচালনা করা যাইবে না;

**(জ)** গাছের বাকল, কাঠের গুঁড়া, অব্যবহৃত কাঠের টুকরা কিংবা কাজের শেষে উৎপন্ন অবশিষ্টাংশ নিকটবর্তী কোন খাল, নদী, জলাধার বা জলাশয়ে ফেলা যাইবে না;

৮। লাইসেন্স স্থগিত বা বাতিল।- (১) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিম্নবর্ণিত কারণে কোন করাত-কলের লাইসেন্স স্থগিত বা বাতিল করিতে পারিবেন, যথাঃ-

(ক) বিধি ৭ এর উপ-বিধি (১) ও (২) এবং বিধি ৯ এ উল্লিখিত শর্তাবলী লংঘন করিলে;

(খ) কোন করাত-কল মালিক আইন বা এই বিধিমালার অধীন আদালত/মোবাইল কোর্ট কর্তৃক দোষী সাব্যস্ত হইলে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, কোন ব্যক্তি তফসিলে নির্ধারিত সময়ে নবায়নের জন্য আবেদন করিতে ব্যর্থ হইলে তদবরাবরে ইস্যুকৃত লাইসেন্স স্বয়ংক্রিয় ভাবেই বাতিল বলিয়া গণ্য হইবে।

৯। কাঠ ও অন্যান্য বনজদ্রব্য ক্রয়-বিক্রয় এবং চিরাই এর হিসাব সংরক্ষণ।- প্রত্যেক করাত-কল মালিক বা পরিচালনার সঙ্গে সংশ্লিষ্ট কোন ব্যক্তি তাহার করাত-কলে ক্রয়কৃত ও বিক্রিত সকল কাঠ ও অন্যান্য বনজদ্রব্যের উৎসের উল্লেখসহ ক্রয়-বিক্রয় এবং চিরাই এর হিসাব ফরম "ঘ" তে সংরক্ষণ করিবেন এবং নিকটস্থ বন বিভাগীয় দপ্তরে মাসিক ভিত্তিতে দাখিল করিবেন।

১০। পরিদর্শন।- (১) "এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট" কিংবা ফরেস্টার/ বিট অফিসার বা তদূর্ধ্ব কোন বন কর্মকর্তা বা সাব-ইন্সপেক্টর বা তদূর্ধ্ব কোন পুলিশ কর্মকর্তা বা এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা কোন প্রকার অগ্রিম নোটিশ প্রদান ব্যতীত যে কোন সময় যে কোন করাত-কল পরিদর্শন করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কোন কর্মকর্তা পরিদর্শনকালীন সময়ে করাত-কলের কাঠ ও অন্যান্য বনজদ্রব্যের ক্রয়-বিক্রয় এবং চিরাই এর হিসাব দেখিতে চাইলে করাত-কল মালিক বা উহা পরিচালনাকারী ব্যক্তি উক্ত হিসাব প্রদর্শন করিতে বাধ্য থাকিবেন।

(৩) উপ-বিধি (১) এর অধীন পরিদর্শনকালে পরিদর্শনকারী কর্মকর্তার নিকট যদি সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে করাত-কলে অবৈধ কাঠ বা অন্য কোন বনজদ্রব্য রহিয়াছে বা করাত-কল মালিক কর্তৃক বিধি ৭ এবং ৯ লংঘিত হইয়াছে তাহা হইলে তিনি বিষয়টি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করিবেন এবং তাৎক্ষণিকভাবে করাত-কলে মজুতকৃত অবৈধ কাঠ বা বনজদ্রব্য আটক করিতে পারিবেন এবং আটককৃত কাঠ ও বনজ দ্রব্যাদি নিকটস্থ বন বিভাগীয় দপ্তরে জমা প্রদানের বিষয়ে আইনের Chaptar IX এর সংশ্লিষ্ট বিধানাবলী অনুযায়ী প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করিবেন।

১১। অপরাধ বিচারার্থ গ্রহণ।- ফরেস্টার/বিট অফিসার বা তদূর্ধ্ব কোন কর্মকর্তার লিখিত অভিযোগ ব্যতীত কোন আদালত এই বিধিমালার অধীন কোন অপরাধ বিচারের জন্য গ্রহণ করিবে না।

১২। দন্ড।—করাত-কল মালিক বা পরিচালনার সঙ্গে সংশ্লিষ্ট কোন ব্যক্তি এই বিধিমালার কোন বিধান লংঘন করিলে তিনি অনধিক ২ (দুই) বৎসর কারাদন্ড অথবা অনধিক ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা অর্থদন্ড বা উভয়দন্ডে দন্ডনীয় হইবেন।

১৩। আপীল।-(১) বিধি ৩ অনুযায়ী আবেদন জানাইবার অনধিক ১৮০ (একশত আশি) দিনের মধ্যে লাইসেন্স পাওয়া না গেলে আবেদনকারী সংশ্লিষ্ট বন সংরক্ষক এর নিকট প্রতিকার চাহিয়া পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে আপীল করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন আপীল আবেদন প্রাপ্তির পর বন সংরক্ষক বিষয়টি তদন্তপূর্বক অনধিক ৬০(ষাট) কার্যদিবসের মধ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন এবং সার্বিক বিষয় সম্পর্কে উহার সিদ্ধান্তসহ আবেদনকারীকে অবহিত করিবেন।

(৩) বিধি ৮ এর উপ-বিধি (১) এর দফা (ক) এর অধীন লাইসেন্স বাতিল করা হইলে কোন সংক্ষুব্ধ ব্যক্তি অনধিক ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট বন সংরক্ষক এর নিকট আপীল করিতে পারিবেন এবং বন সংরক্ষক অনধিক ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে বিষয়টি তদন্ত করিয়া যথাযথ আদেশ প্রদান করিবেন।

(৪) উপ-বিধি (২) এবং (৩) এ প্রদত্ত বন সংরক্ষকের আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৪। রহিতকরণ ও হেফাজত।- (১) এই বিধিমালা জারীর সঙ্গে সঙ্গে এস.আর.ও. নং- ১৩০-আইন/১২ মূলে ২০ মে, ২০১২ তারিখে জারীকৃত করাত-কল (লাইসেন্স) বিধিমালা, ২০১২, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, রহিত করা হইল।

(২) উক্ত বিধিমালা রহিতকরণ সত্ত্বেও উহার অধীন ইস্যুকৃত লাইসেন্স উহার মেয়াদ পর্যন্ত এমনভাবে অব্যাহত থাকিবে যেন এই বিধিমালা প্রণীত ও জারী হয় নাই।

(৩) উক্ত বিধিমালার অধীন ইস্যুকৃত লাইসেন্সের মেয়াদ শেষ হইয়া গেলে উহা নবায়নের জন্য এই বিধিমালার অধীন আবেদন করা যাইবে এবং উক্ত আবেদন এই বিধিমালার অধীন নিষ্পত্তিযোগ্য হইবে।

(৪) উক্ত বিধিমালার অধীন কোন করাত-কল স্থাপিত হইয়া পরিচালনাধীন থাকিলে, উক্ত বিধিমালার অধীন ইস্যুকৃত লাইসেন্স এর শর্ত লংঘিত না হইলে, উক্ত করাত-কলসমূহের কার্যক্রম এই বিধিমালার অধীন পরিচালিত হইবে।

(৫) উক্ত বিধিমালার অধীন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান দন্ডিত হইয়া থাকিলে উহা একই মেয়াদে, উহার আনুষঙ্গিক আইনী ও বিচারিক কার্যক্রমসহ (যদি কোন), অব্যাহত থাকিবে যেন এই বিধিমালা প্রণীত ও জারী হয় নাই।

তফসিল

বিধি ৩(৭), ৪(৩), ৬(৩), ৬(৪), ৮(২)

করাত-কলের লাইসেন্স, লাইসেন্স নবায়ন, পুন: ইস্যু ও প্রতিলিপি ইস্যু ফি

| ক্র: নং | করাত-কলের অবস্থান | লাইসেন্স ফি | লাইসেন্স নবায়ন ফি | পুন: ইস্যু ফি | প্রতিলিপি ইস্যু ফি |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | সিটি কর্পোরেশনের আওতাভুক্ত এলাকা | ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা | (ক) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ৩০ (ত্রিশ) দিন পূর্বে আবেদনের ক্ষেত্রে =৫০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>(খ) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ৬০ (ষাট) দিনের মধ্যে = ১০,০০০/- (দশ হাজার) টাকা।<br>(গ) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ১২০ (একশত বিশ) দিনের মধ্যে= ১৫,০০০/- (পনেরো হাজার) টাকা। | ১৫,০০০/- (পনের হাজার) টাকা | ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা |
| ২। | পৌরসভার আওতাভুক্ত এলাকা এবং উপজেলা সদরের ২(দুই) কি.মি. ব্যাসার্ধের আওতাভুক্ত এলাকা | ১৫,০০০/- (পনের হাজার) টাকা | (ক) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ৩০ (ত্রিশ) দিন পূর্বে আবেদনের ক্ষেত্রে =৪০০০/- (চার হাজার) টাকা।<br>(খ) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ৬০ (ষাট) দিনের মধ্যে = ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা।<br>(গ) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ১২০ (একশত বিশ) দিনের মধ্যে = ১০,০০০/- (দশ হাজার) টাকা। | ১০,০০০/- (দশ হাজার) টাকা | ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা |
| ৩। | সিটি কর্পোরেশন/ পৌরসভা/ উপজেলা সদরের ২ (দুই) কি.মি. ব্যাসার্ধের আওতাভুক্ত এলাকা ব্যতীত সকল এলাকা | ১০,০০০/- (দশ হাজার) টাকা | (ক) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ৩০(ত্রিশ) দিন পূর্বে আবেদনের ক্ষেত্রে =২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা ।<br>(খ) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ৬০ (ষাট) দিনের মধ্যে= ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>(গ) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ১২০ (একশত বিশ) দিনের মধ্যে= ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা। | ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা | ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা |

# ফরম

পাসপোর্ট সাইজের
ফটো ৩ কপি

বন অধিদপ্তর বাংলাদেশ
............বন বিভাগ

'ফরম-ক'
[বিধি ৩(২) ও (৩) দ্রষ্টব্য]
করাত-কল স্থাপন/ পরিচালনার জন্য লাইসেন্সের আবেদনপত্র
**(এই আবেদনপত্রটি করা-তকল লাইসেন্স নহে)**

১। আবেদনকারীর নাম :
পিতা/স্বামীর নাম :
মাতার নাম :
**জন্ম তারিখ** :
জাতীয় পরিচয়পত্র (NID)/ জন্ম নিবন্ধন নং :
মোবাইল নম্বর :

কর দাতা সনাক্তকরণ (e-TIN) নং :

পেশা :
জাতীয়তা :

২। পূর্ণ ঠিকানা- :
(ক) স্থায়ী :
(খ) বর্তমান :

৩। প্রস্তাবিত করাত-কলের অবস্থান ও জমির পরিমাণঃ

| | | |
|---|---|---|
| (ক) দাগ নং | (খ) খতিয়ান নং | **(গ)** মৌজার নাম |
| **(ঘ)** জমির পরিমাণ (শতাংশ) | **(ঙ)** গ্রামের নাম | (চ) রাস্তার নাম |
| (ছ)ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের নাম | **(জ)** উপজেলা নাম | (ঝ) **জেলার নাম** |

(ঞ) অক্ষাংশ ও দ্রাঘিমাংশ
(ট) আন্তর্জাতিক সীমানা হতে ৩ (তিন) কিঃ মিঃ এর মধ্যে কিনা (হ্যাঁ/না)
(ঠ) সরকারি বনভূমি হতে ৫ (পাঁচ) কিঃ মিঃ এর মধ্যে কিনা (হ্যাঁ/না)
(ড) বৈদ্যুতিক লোডের পরিমাণ (কিলোওয়াট):

৪| করাত-কল স্থাপন/পরিচালনার উদ্দেশ্য (সংক্ষেপে বর্ণনা করিতে হইবে):

৫| করাত-কলে কি ধরনের বনজদ্রব্য খন্ডন, চিরাই ও ক্রয়-বিক্রয় করা হইবে/হয় এবং উহাদের উৎসঃ

## অঙ্গীকারনামা

আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে-

(১) করাত-কল (লাইসেন্স) বিধিমালা, ২০২৫ এর সকল বিধানাবলী মানিয়া চলিতে বাধ্য থাকিব;
(২) আমার বরাবরে ইস্যুকৃত লাইসেন্সে উল্লিখিত শর্তাদি মানিয়া চলিতে বাধ্য থাকিব;
(৩) করাত-কলে কোন অবৈধ বনজদ্রব্য ক্রয়, বিক্রয়, চিরাই বা মজুদ করিব না বা উক্ত কাজে কাহাকেও সহযোগিতা করিব না।

## সত্যপাঠ

উপরে বর্ণিত তথ্যাদি ও কাগজাদি সঠিক। আমি কোন মিথ্যা তথ্য দাখিল করি নাই। পরবর্তীতে কোন তথ্য মিথ্যা বা কাগজাদি সঠিক নহে বলিয়া প্রমাণিত হইলে আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

আবেদনকারীর নাম ও স্বাক্ষর
তারিখঃ . . . . . . . . . . . . . .ইং।
. . . . . . . . . . . . . বাং।

## তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন

সংশ্লিষ্ট রেকর্ডপত্র পরীক্ষা ও সরেজমিনে তদন্ত করিয়া আবেদনপত্রে বর্ণিত বিষয়সমূহ ও অন্যান্য তথ্যাদি সঠিক পাওয়া গিয়াছে/পাওয়া যায় নাই। এই বিধিমালার বিধি ৭(১) এর সকল শর্ত যথাযথভাবে প্রতিপালন করিয়াছেন/করেন নাই। অতএব লাইসেন্স প্রদানের জন্য সুপারিশ করা হইল/হইল না।

স্বাক্ষরঃ-
তারিখঃ-
পদবীঃ-
সীলঃ-

**নিম্নোক্ত কাগজপত্র ছাড়া আবেদন গ্রহণ করা হইবে না:**

(ক) গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০৩ (তিন) কপি ছবি;
(খ) জমির মালিকানা সম্পর্কে সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) এর প্রত্যয়নপত্রসহ ম্যাপ;
(গ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র বা জন্মসনদ;
(ঘ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত আয়কর সনদ;
(ঙ) সংশ্লিষ্ট এলাকার পরিবেশ অধিদপ্তরের পরিবেশগত ছাড়পত্র।

| |
|---|
| লাইসেন্স নংঃ |
| লাইসেন্স ইস্যুর তারিখঃ |

বন অধিদপ্তর বাংলাদেশ
.................... বন বিভাগ

| |
|---|
| পাসপোর্ট সাইজ ১ কপি ছবি |
| অফিসিয়াল সীল |

**'ফরম-খ'**
**[বিধি ৩(৭), ৪(৩), ৬(৪) দ্রষ্টব্য]**

**করাত-কল স্থাপন/পরিচালনার জন্য** লাইসেন্স ইস্যু/পুন: ইস্যু ও প্রতিলিপি ইস্যু/ ইস্যুকৃত লাইসেন্স নবায়ন

১। লাইসেন্সধারীর নাম :
২। পিতা/স্বামীর নাম :
৩। মাতার নামঃ :
জাতীয় পরিচয়পত্র (NID)/ জন্ম নিবন্ধন নং :
মোবাইল নম্বর :
৪। পূর্ণ ঠিকানা :
(ক) স্থায়ী :
(খ) বর্তমান :
৫। প্রস্তাবিত করাত-কলের অবস্থান ও জমির পরিমাণ :
(ক) দাগ নং (খ) **খতিয়ান** নং **(গ)** মৌজার নাম
**(ঘ)** জমির পরিমাণ (শতাংশ) **(ঙ)** গ্রামের নাম (চ) রাস্তার নাম
**(ছ)** ইউনিয়ন/**পৌরসভা/সিটি কর্পোরেশনের নাম** **(জ)** উপজেলার নাম (ঝ) **জেলার নাম**
(ঞ) অক্ষাংশ ও দ্রাঘিমাংশ

বিভাগীয় বন কর্মকর্তা
.............বন বিভাগ

নবায়ন সংক্রান্ত তথ্য

| নবায়নের তারিখ | মেয়াদ উত্তীর্ণের তারিখ | বিভাগীয় বন কর্মকর্তার স্বাক্ষর ও সীল |
|---|---|---|
| | | |
| | | |
| | | |
| | | |

## করাত-কল পরিচালনার শর্তাবলীঃ

(১) করাত-কল লাইসেন্স বিধিমালা, ২০২৫ এর সকল শর্ত মানিয়া চলিতে হইবে।
(২) লাইসেন্স এর (হালনাগাদ) আলোকছাপ করাত-কল প্রতিষ্ঠানে প্রদর্শন করিতে হইবে।
(৩) করাত-কলে কোন অবস্থাতেই কোন অবৈধ বনজদ্রব্য ক্রয়-বিক্রয়, চিরাই বা মজুদ করা যাইবে না।

স্বাক্ষর
বিভাগীয় বন কর্মকর্তা
...........বন বিভাগ

বন অধিদপ্তর বাংলাদেশ

..............বন বিভাগ

ফরম "গ"

[বিধি ৪(১), ৪(২) ও ৬(২) দ্রষ্টব্য]

লাইসেন্স নবায়ন/ পুনঃ ইস্যু ও প্রতিলিপি ইস্যুর আবেদনপত্র

| | | |
|---|---|---|
| ১। | (ক) লাইসেন্সধারীর নাম | : |
| | (খ) লাইসেন্স নম্বর | : |
| | (গ) মেয়াদ উত্তীর্ণের তারিখ | : |
| ২। | আবেদনকারীর নাম | : |
| | পিতা/স্বামীর নাম | : |
| | মাতার নাম | : |
| | জন্ম তারিখ | : |
| | জাতীয় পরিচয়পত্র (NID)/জন্ম নিবন্ধন নং | : |
| | মোবাইল নম্বর | : |
| | কর দাতা সনাক্তকরণ (e-TIN) নং | : |
| | পেশা | : |
| | জাতীয়তা | : |
| ৩। | পূর্ণ ঠিকানা | : |
| | (ক) স্থায়ী | : |
| | (খ) বর্তমান | : |
| ৪। | করাত-কলের অবস্থান | : |
| | (ক) মৌজার নাম | : |
| | (খ) থানার নাম | : |
| | (গ) জেলার নাম | : |
| ৫। | মালিক পরিবর্তনের প্রমাণক [দলিল/ উত্তরাধিকার সনদ (অনাপত্তিসহ)] (প্রযোজ্য ক্ষেত্রে) | : |
| ৬। | লাইসেন্স হারানো বিষয়ে সংশ্লিষ্ট থানায় দায়েরকৃত সাধারণ ডায়েরীর মূল কপি (প্রযোজ্য ক্ষেত্রে) | : |
| ৭। | করাত-কলের বিরুদ্ধে কোন মামলা দায়ের হইয়াছে কিনা? | : |
| ৮। | মূল লাইসেন্স এর অনুলিপি | : |

সত্যপাঠ

উপরে বর্ণিত তথ্যাদি ও কাগজাদি সঠিক। আমি কোন মিথ্যা তথ্য দাখিল করি নাই। পরবর্তীতে কোন তথ্য মিথ্যা বা কাগজাদি সঠিক নহে বলিয়া প্রমাণিত হইলে আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

আবেদনকারীর নাম ও স্বাক্ষর

তারিখ.............. .ইং।

............... বাং।

তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন

সংশ্লিষ্ট রেকর্ডপত্র যাচাই-বাছাই/সরেজমিনে তদন্ত করিয়া আবেদনপত্রে বর্ণিত বিষয়সমূহ ও অন্যান্য তথ্যাদি সঠিক পাওয়া গিয়াছে/পাওয়া যায় নাই। এই বিধিমালার বিধি ৭(১) ও ৭(২) এর সকল শর্ত যথাযথভাবে প্রতিপালন করিয়াছেন/করেন নাই। অতএব লাইসেন্স নবায়ন/পুনঃ ইস্যু/ প্রতিলিপি ইস্যুর জন্য সুপারিশ করা হইল/হইল না।

স্বাক্ষরঃ-

তারিখঃ-

পদবীঃ-

সীলঃ-

বন অধিদপ্তর বাংলাদেশ

.................. বন বিভাগ

লাইসেন্স নং.........
লাইসেন্স প্রদান/নবায়নের তারিখ...........

ফরম "ঘ"

[বিধি ৯ দ্রষ্টব্য]

কাঠ ক্রয়-বিক্রয় এবং চিরাই এর মাসিক হিসাব

(মাসের নাম.....................)

করাত-কলের অবস্থানঃ.......................................

করাত-কলের মালিকের নামঃ..............................

পিতা/স্বামীর নামঃ................................

মাতার নামঃ ...........................................

ঠিকানাঃ..............................

১। করাত-কলে সংরক্ষিত/মজুদকৃত বনজদ্রব্যের উৎসঃ .....................

২। বিগত মাসের মজুত হইতে প্রাপ্তঃ
গোল কাঠ...............................
চিরাই কাঠ..............................

৩। বর্তমান মাসে ক্রয়কৃত কাঠের হিসাবঃ
তারিখ......................কাঠের পরিমাণ........................উৎস..........

৪। বর্তমান মাসে বিক্রয়কৃত কাঠের হিসাবঃ
তারিখ................... কাঠের পরিমাণ......... চলাচল পাস নং..................

৫। বর্তমান মাসে চিরাইকৃত কাঠের হিসাবঃ
তারিখ......................কাঠের পরিমাণ.........................প্রজাতি..........

৬। মাস শেষে মজুত কাঠের পরিমাণঃ
গোল কাঠ................................
চিরাই কাঠ.................................

করাত-কল মালিকের নাম ও স্বাক্ষর
তাং...................